

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

নথি নং- ৪৩.২৫.০০০০.০০৬.২৫.০০২.১৮/১৫৯৮

তারিখ: ২১/০৮/২০২৪

বিষয়: "আধুনিক গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ক বেসিক কোর্স(১৫তম ব্যাচ)"- শীর্ষক প্রশিক্ষণে মনোনয়ন প্রদান প্রসংগে।

উল্লিখিত বিষয়ের আলোকে, জাতীয় গ্রন্থাগার দেশের গ্রন্থাগার পেশায় নিয়োজিত কর্মকর্তাদের পেশাগত প্রশিক্ষণ প্রদান করে থাকে। এরই ধারাবাহিকতায় পেশাগত দক্ষতা বৃদ্ধি, আধুনিক গ্রন্থাগার ব্যবস্থাপনা, সেবার মান উন্নয়ন, আধুনিক প্রযুক্তি ব্যবহার ও ডিজিটাল সেবা প্রদানের উদ্দেশ্যে আধুনিক গ্রন্থাগার ব্যবস্থাপনার বেসিক কোর্স (১৫তম ব্যাচ) শীর্ষক প্রশিক্ষণ (অনাবাসিক) আগামী ২২ সেপ্টেম্বর - ০১ অক্টোবর ২০২৪ মেয়াদে (মোট ১০ দিন) বাংলাদেশ জাতীয় গ্রন্থাগার, আগারগাঁও এ অনুষ্ঠিত হবে। প্রশিক্ষণার্থীগণকে সরকারি বিধি মোতাবেক প্রশিক্ষণ ভাতা ও দুপুরের লাঞ্চ এবং প্রশিক্ষণ শেষে সার্টিফিকেট প্রদান করা হবে।

উক্ত প্রশিক্ষণ কোর্সে তাঁর প্রতিষ্ঠানের গ্রন্থাগার হতে কমপক্ষে একজন লাইব্রেরিয়ান/ সহকারি লাইব্রেরিয়ান/ লাইব্রেরি অফিসার /জুনিয়র লাইব্রেরিয়ান প্রভৃতি গ্রন্থাগার পেশাজীবিকে প্রদত্ত 'ছক' মোতাবেক মনোনয়ন প্রদান করার জন্য অনুরোধ করা হলো (যারা একবার এই প্রশিক্ষণ গ্রহণ করেছেন তারা ব্যতিত)। মনোনয়নপত্র মহাপরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭ বরাবর আগামী ৫ সেপ্টেম্বর ২০২৪ তারিখের মধ্যে নিশ্চিতভাবে ই-মেইল: jamal_nlbd@yahoo.com এ প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

ক্র. নং	প্রশিক্ষণার্থীর নাম, পদবী ও প্রতিষ্ঠানের নাম	মোবাইল নম্বর	ই-মেইল

২। এমতাবস্থায়, মনোনীত প্রশিক্ষণার্থীগণকে আগামী ২২ সেপ্টেম্বর ২০২৪ তারিখ রবিবার সকাল ০৯.০০ ঘটিকার মধ্যে বাংলাদেশ জাতীয় গ্রন্থাগার, আগারগাঁও, ঢাকা-১২০৭ এ ০২(দুই)কপি পাসপোর্ট সাইজের রঞ্জীন ছবিসহ প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

২১/০৮/২০২৪
(ড. সালমা মমতাজ)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ২২২২১৮৩৪৬
ইমেইল: dg@nanl.gov.bd